গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা।
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০২৩.৩১.০০১.১৭ (অংশ-১)-১২২

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
৩০ মে ২০২১

বিষয়: গত ২৭.০৫.২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণ প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৩য় সভা গত ২৭.০৫.২০২১ তারিখে যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক অত্র মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী-২ পাতা।

(সালমা পারভীন)
উপসচিব
☏ ৯৫৮৯০০৮
admin3@mor.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
০২। সরকারি রেল পরিদর্শক, রেলপথ অধিদপ্তর, ফুলবাড়িয়া, ঢাকা।

অনুলিপি: (জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
২। প্রধান পরিকল্পনা কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা**(সভার কার্যবিবরণী সংযুক্ত)।**
৩। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৪। উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-৬/বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন /উন্নয়ন-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৫। পরিচালক (সংস্থাপন/পরিবহণ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা **(সভার কার্যবিবরণী সংযুক্ত)।**
৬। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২/অডিট-১), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা **(তাঁকে ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।**
৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
৯। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
১০। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৩ শাখা।
www.mor.gov.bd

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্মসচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| সভার তারিখ | : | ২৭.০৫.২০২১ |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | রেলপথ সম্মেলন কক্ষ (কক্ষ নং ৯৩০, ৯ম তলা)। |

সভার উপস্থিতি:
সভায় রেলপথ মন্ত্রণালয়ের উপসচিবগণ, সিনিয়র সহকারী সচিবগণ, বাংলাদেশ রেলওয়ের যুগ্মমহাপরিচালক, পরিচালক ও অন্যান্য কর্মকর্তবৃন্দ এবং রেলপথ পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি সভায় উপস্থিত ছিলেন। সভার উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

০২. সভার প্রারম্ভিক আলোচনা:
যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের সভাপতিত্বে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৩য় সভার কার্যক্রম শুরু হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি ৩য় সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ করেন। উপসচিব (প্রশাসন-৩) জানান রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরেরর বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে অভিযোগ প্রতিকার বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৪টি সভা করার সিদ্ধান্ত রয়েছে। ৪র্থ কোয়ার্টার চলমান থাকলেও ৩য় সভাটি অনুষ্ঠিত হচ্ছে। ২০২০-২১ অর্থবছর শেষ হতে আরমাত্র ১ মাস সময় রয়েছে। এর মধ্যে ১টি সভা করা সম্ভব হবে। ফলে এ সংক্রান্ত এপিএ'র টার্গেট পূরণ করা সম্ভব হবে।

০৩. সভায় উপস্থিত সম্মানিত কর্মকর্তাগণ এজেন্ডাভিত্তিক এবং সার্বিক বিষয়ে আলোচনায় স্বতস্ফুতভাবে অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধাসমূহ গৃহীত হয়।

| নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **আলোচ্য বিষয়-১:**<br>**বাংলাদেশ রেলওয়েতে প্রাপ্ত অভিযোগের তালিকা এবং অভিযোগসমূহের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা:**<br>জানুয়ারি/২০২১ হতে মে/২০২১ পর্যন্ত সেবাগ্রহীতা/নাগরিকদের নিকট হতে প্রাপ্ত অভিযোগের তালিকা এবং অভিযোগসমূহের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত তথ্যাদি রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়; | জানুয়ারি/২০২১ হতে মে/২০২১ পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তার দপ্তরে প্রাপ্ত অভিযোগ ও অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য এবং অভিযোগ নিস্পত্তির ফলাফল অভিযোগ কারীকে জানানো হয়ে থাকলে তার প্রমানকসহ পত্রের মাধ্যমেঅত্র মন্ত্রণালয়ে প্রেরণর সিদ্ধান্ত। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) সরকারি রেল পরিদর্শক, ঢাকা |
| ৩.২ | আলোচ্য বিষয়-২: **অনলাইনে প্রাপ্ত অভিযোগের বিষয়ে আলোচনাঃ-**<br>বাংলাদেশ রেলওয়ের সিএসটি (টেলিকম) এর নিয়ন্ত্রণাধীন আসিটি সেল কর্তৃক অনলাইনে আসা অভিযোগসমূহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়। সংশ্লিষ্ট দপ্তর কর্তৃক অভিযোগসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জানুয়ারি/২০২১ হতে মে/২০২১ পর্যন্ত প্রাপ্ত অভিযোগের মধ্যে যে সমস্ত অভিযোগের বিষয়ে ইতোমধ্যে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার প্রমাণকসহ তথ্যাদি পত্রের মাধ্যমে অত্র মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে<br>(২) সরকারি রেল পরিদর্শক, ঢাকা |

চলমান পাতা/০২

| | | | |
|---|---|---|---|
| ৩.৩ | **আলোচ্য বিষয়-৩: সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৪র্থ সভা:**<br><br>অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সংক্রান্ত ৪র্থ সভার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | জুন/২০২১ মাসের প্রথম সপ্তাহে ৪র্থ সভাটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | রেলপথ মন্ত্রণালয় |

০৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/৫/২০২১

(জালাল উদ্দিন আহম্মেদ)
যুগ্মসচিব